

অর্থলগ্নিকারী ব্যবস্থা, ইত্যাদিতে সমিতিগুলোর অবদান ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। মঠবাড়ী সমিতিও নিশ্চয়ই এদিক থেকে পিছিয়ে নেই। এ অবস্থা ক্রমান্বয়ে আরো অগ্রগামী ভূমিকা পালন করুক এটাই সকলের প্রত্যাশা।

যদিও এই লেখাটি মূলতঃ মঠবাড়ী খ্রিস্টান সমবায় ঋণদান সমিতির সুবর্ণ-জয়ন্তী উপলক্ষে রচিত, তথাপি দেশের অন্যান্য সমিতিগুলোর জন্যেও প্রাসঙ্গিক বলে মনে করি। সারা দেশে বাংলাদেশের খ্রিস্টান সম্প্রদায়ের অন্যতম একটি পরিচিতি এবং অবদান যে তার সমবায় সমিতিগুলো ও তাদের কর্মসূচিসমূহ তা আজ আর বলার অপেক্ষা রাখে না। শিক্ষা, সেবা এবং সামাজিক কর্মকান্ড আজ আর শুধু মন্ডলীর ধর্মীয় নেতাদের মধ্যেই সীমাবদ্ধ নয়; সমাজের সর্বস্তরের খ্রিস্টান জনগণ এ বিষয়গুলোতে তাদের নিজ নিজ অবদান রেখে যাচ্ছে এবং আগামীতেও যাবে এ দৃঢ় বিশ্বাস আমার আছে। বিভিন্ন অনৈতিক আচরণ, আর্থিক অপচয়, অনিয়ম এসব অভিযোগ চূর্ণ করে আমাদের সমিতিগুলো তাদের প্রারম্ভিক আদর্শে আবার উদ্ভাসিত হয়ে উঠুক। পুনর্বীর মঠবাড়ী খ্রিস্টান সমবায় ঋণদান সমিতির সকল সদস্য, কর্মকর্তা, কর্মী, ব্যবস্থাপককে তাদের মহান প্রচেষ্টাকে স্বাগত জানাই এবং উত্তরোত্তর তার শ্রীবৃদ্ধি কামনা করি।

সঞ্চয় করুন নিজে সমৃদ্ধ হোন দেশকে সমৃদ্ধ করুন

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ